

প্রেস বিজ্ঞপ্তি

সম্পত্তিকালে ঘটে গেছে আমাদের ইতিহাসের সবচাইতে বড় প্রাকৃতিক বিপর্যয় – ‘এশিয়ান সুনামি’। বরাবরের মত ‘বাংলাদেশ সোসাইটি – পূজা ও সংস্কৃতি ইনক’ এ বিপর্যয়ে ক্ষতিগ্রস্তদের ব্যথায়ও সমব্যবস্থা, তাঁদের অসময়ে পাশে দাঁড়ানোর দৃঢ় প্রত্যয়ী।

সম্প্রতি ‘বাংলাদেশ সোসাইটি – পূজা ও সংস্কৃতি’র উদ্যোগে গত ৩১শে জানুয়ারী স্থানীয় গ্র্যান্ডিল টাউনহলে অনুষ্ঠিত হয়ে গেল সিডনির প্রতিষ্ঠিত ও প্রথিতযশা কয়েকজন শিল্পীদের সমন্বয়ে স্বল্প দর্শনীর বিনিময়ে মনোভ্রত সাংস্কৃতিক সন্ধ্যা। প্রস্তুতি প্রর্যায়ে এ সাংস্কৃতিক সন্ধ্যা আয়োজনের উদ্দেশ্য ছিল ‘বাংলাদেশ সোসাইটি – পূজা ও সংস্কৃতি’র জন্য অর্থ সংগ্রহ করা। কিন্তু অনুষ্ঠান পরিচালনা সমকালে ঘটে যাওয়া এ বিপর্যয়ে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর প্রত্যয়ে আমরা সিদ্ধান্ত নেই এ সাংস্কৃতিক সন্ধ্যা থেকে প্রাপ্ত লভ্যাংশের ৫০ শতাংশ সুনামীতে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে প্রদান করা হবে। আমাদের সে সিদ্ধান্ত অনুযায়ী সাংস্কৃতিক সন্ধ্যা থেকে প্রাপ্ত লভ্যাংশের ৫০ শতাংশ (\$১,৬১৬.০০) সুনামীতে ক্ষতিগ্রস্তদের মধ্যে বিতরনের লক্ষ্যে সম্প্রতি আমরা অন্টেলিয়ান রেডক্রস সোসাইটির কাছে প্রদান করেছি।

যাঁরা ‘বাংলাদেশ সোসাইটি – পূজা ও সংস্কৃতি’র এ উদ্যোগে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহযোগিতা করেছেন তাঁদের কাছে আমরা কৃতজ্ঞ। এ ব্যাপারে কারও কোন তথ্য জানার থাকলে অনুগ্রহ করে ০৪৩৩ ১৬২ ৭৫৩ নম্বরে সোসাইটির সভাপতির সাথে যোগাযোগ করুন।